

QP Code : 18UT19EBG8

স্নাতক পাঠক্রম শিক্ষাবর্ষান্ত পরীক্ষা

ডিসেম্বর, ২০১৭ ও জুন, ২০১৮

ঐচ্ছিক পাঠক্রম

বাংলা (Bengali)

অষ্টম পত্র

Anubad, Bananbidhi, Sampadona, Anuchhed,
Protibedan : EBG-8

সময় : চার ঘণ্টা

পূর্ণমান : ১০০

মানের গুরুত্ব : ৭০%

পরিমিত ও যথাযথ উত্তরের জন্য বিশেষ মূল্য দেওয়া হবে।

অশুদ্ধ বানান, অপরিচ্ছন্নতা এবং অপরিষ্কার হস্তাক্ষরের ক্ষেত্রে নম্বর

কেটে নেওয়া হবে। উপাত্তে প্রশ্নের মূল্যমান সূচিত আছে।

১। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দিন (অনধিক ৪০০ শব্দে) :

২০ × ২ = ৪০

(ক) বাংলা ভাষায় পাশ্চাত্য সাহিত্যের অনুবাদচর্চা সম্পর্কে
সংক্ষেপে আলোচনা করুন। ভাবানুবাদ কাকে বলে
উল্লেখ করে উদাহরণ দিন। ১২ + ৮

B.A.-11658-W

[পরের পৃষ্ঠায় দ্রষ্টব্য

QP Code : 18UT19EBG8 2

(খ) চর্যাপদ ও শ্রীকৃষ্ণকীর্তন কাব্যে ব্যবহৃত বানান সম্পর্কে
উদাহরণসহ আলোচনা করুন।

(গ) ১৯২৫ থেকে ১৯৭৯ — এই সময়ের মধ্যে বাংলা
বানানের সমস্যা এবং সমাধানের উপায় নিয়ে যেসব
প্রস্তাব উত্থাপিত হয়েছে সেগুলি সম্পর্কে সংক্ষেপে
লিখুন।

(ঘ) সম্পাদনার মূলনীতিগুলি কী ? সংবাদ-সংগ্রহ ও কপি-
সম্পাদনা সম্পর্কে সংক্ষেপে আলোচনা করুন।

৬ + ১৪

২। যে-কোনো তিনটি প্রশ্নের উত্তর দিন (অনধিক ৩০০ শব্দে) :

১২ × ৩ = ৩৬

(ক) সাংবাদিক হতে গেলে কী কী বৈশিষ্ট্য থাকা প্রয়োজন ?
একটি প্রতিবেদন কীভাবে বিন্যস্ত হয় সে বিষয়ে
সংক্ষেপে লিখুন। ৪ + ৮

(খ) বাস দুর্ঘটনায় একজন পথচারীর মৃত্যু ঘটেছে। — এই
বিষয় নিয়ে বেতারে প্রচারের উপযোগী একটি
প্রতিবেদনের খসড়া রচনা করুন।

B.A.-11658-W

- (গ) 'ভারতবর্ষের জাতীয় সংহতি' বিষয়ে একটি অনুচ্ছেদ রচনা করুন।
- (ঘ) প্রুফ সংশোধন কী ? প্রুফ সংশোধনে সাংকেতিক চিহ্নের উপযোগিতা কী — উদাহরণসহ বুঝিয়ে দিন।
- (ঙ) বাংলা বানানের সার্বিক সরলীকরণের বিষয়টি উদাহরণসহ আলোচনা করুন।
- (চ) 'গীতাঞ্জলি' কাব্যের মূল ও ইংরেজি অনুবাদ সম্পর্কে আপনার অভিমত ব্যক্ত করুন।

৩। যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দিন (অনধিক ১০০ শব্দে) :

$$৬ \times ৪ = ২৪$$

- (ক) কপি-সম্পাদনা কী ? শিরোনামের গুরুত্ব কোথায় বুঝিয়ে দিন।
- (খ) সম্পাদনার কাজে অঙ্গসজ্জার গুরুত্ব কী ? অঙ্গসজ্জার মূল নীতিগুলি কী ?
- (গ) ১৯৩৬ সালের কলিকাতা বিশ্ববিদ্যালয় বানান সংস্কার সমিতির প্রতিবেদনের মূল বক্তব্যগুলি কী ছিল ?
- (ঘ) অনুবাদের সমস্যাগুলি সংক্ষেপে আলোচনা করুন।

- (ঙ) 'বাংলা শব্দের বানানে আধুনিকতার দিশারী রবীন্দ্রনাথ' — এই মন্তব্যটির যথার্থ্য বিচার করুন।
- (চ) বাংলা বর্ণ এবং উচ্চারণের সংগতি ও অসংগতির ক্ষেত্রগুলি নির্দিষ্ট করে উদাহরণসহ দেখিয়ে দিন।
- (ছ) রবীন্দ্রনাথের অনুবাদ সম্পর্কে এজরা পাউন্ডের মতামত নিজের ভাষায় বর্ণনা করুন।
- (জ) গ্রন্থপঞ্জি ও উল্লেখপঞ্জির পার্থক্য বুঝিয়ে দিন।